মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪, জয়নাগ রোড, বক্সিবাজার, ঢাকা - ১২১১

স্মারক নং : ৪৪০/ক/অনুঃ/২০১৪/৫৮২৭ তারিখ : ২২/১০/২০২৩

বিষয় : নরসিংদী জেলার সদর উপজেলাধীন 'নরসিংদী ইউনাইটেড কলেজ' - এর উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ০১-০২-২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নরসিংদী জেলার সদর উপজেলাধীন 'নরসিংদী ইউনাইটেড কলেজ' - এর পাঠদানের মেয়াদ ০১-০৭-২০২০ তারিখ থেকে ৩০-০৬-২০২৬ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) বছরের জন্য বৃদ্ধি করা হলো। বিলম্বে মেয়াদ বৃদ্ধির আবেদন করার ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না। একাডেমিক স্বীকৃতি নেয়ার জন্য 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা - ২০২২' অনুযায়ী আবেদন করার পরামর্শ দেয়া হলো।

শাখাসমূহ	আবশ্যিক	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
(১) বিজ্ঞান (২) মানবিক (৩) ব্যবসায় শিক্ষা	(১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(১) পদার্থ বিজ্ঞান (২) রসায়ন (৩) জীব বিজ্ঞান (৪) উচ্চতর গণিত	(১) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২) পৌরনীতি ও সুশাসন (৩) সমাজ বিজ্ঞান (৪) যুক্তিবিদ্যা (৫) অর্থনীতি	(১) হিসাব বিজ্ঞান (২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (৪) কৃষি শিক্ষা

শর্তসমূহ :

(১) আগামী ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জায়গায় স্থাপনা নির্মাণ করে একাডেমিক কার্যক্রম পরিচালনা শুরু করতে হবে ;

(২) শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে ;

(৩) আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী এবং পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে ;

(৪) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভূক্ত করা যাবে না ;

(৫) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না ;

(৬) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না ;

(৭) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে ;

(৮) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে ;

(৯) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে ;

(১০) **সাধারণ তহবিলে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) এবং সংরক্ষিত তহবিলে ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা স্থিতি থাকতে হবে। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না ;**

(১১) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

(১২) প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

(১৩) কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :

(ক) পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য অবশ্যই আবেদন করতে হবে।

(খ) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;

(গ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;

(ঘ) প্রথম অস্থায়ী স্বীকৃতির 'ফি' বাবদ ১৫,০০০/-(পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা:

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১২৪৭৬, মোবাইল : ০১৫৫০৪১১২০৪

অধ্যক্ষ
নরসিংদী ইউনাইটেড কলেজ (EIIN : 136847)
নরসিংদী সদর, নরসিংদী।

মেমো নং : ৫৮২৭(৫) তারিখ : ২২/১০/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
(২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা ;
(৩) জেলা প্রশাসক, নরসিংদী ;
(৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
(৫) পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;
(৬) অফিস কপি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

F:\College Doc\College File.docx, 10/17/2023 12:40 PM, - 418 -

CamScanner